78

দৈনিক ইনকিলাব

তারিখ ... 12 JAN 1994 ... ..
পৃষ্ঠা ৫ কলাম ৫

## বোর্ড ইস্যুকৃত নম্বর ও সনদপত্রে বানান ভুল

বিভিন্ন শিক্ষাবোর্ড কর্তৃক ইস্যুকৃত মার্কশীট (নম্বরপত্র) ও সার্টিফিকেটে (সনদপত্র) বানান ভুল বর্তমানে একটা সাধারণ ঘটনা। বোর্ডে কর্মরত অনভিজ্ঞ কর্মচারীরা সনদপত্র/নম্বরপত্র লেখার সময় শিক্ষার্থীর নাম, পিতার নামসহ অনেক মারাত্মক ভুল করেন। মাধ্যমিক সনদপত্রে এক ধরনের নাম আবার উচ্চ মাধ্যমিক সনদপত্রে ভিন্ন ধরনের নাম লিখে দেয়। ফলে এসব ভুল নামের সনদপত্র নিয়ে শিক্ষার্থীকে এক মহাফ্যাসাদে পড়তে হয়। কোন বিশ্ববিদ্যালয় কিংবা কলেজে এ সকল ভুল সনদপত্র/নম্বরপত্র গ্রহণযোগ্য নয়। ফলে কোথাও ভর্তি হওয়ার ক্ষেত্রে শিক্ষার্থীকে এক অনাকাঙ্ক্ষিত বিপদের সম্মুখীন হতে হয়। উদাহরণ স্বরূপ এক ছেলের মাধ্যমিক সনদপত্রে নাম 'কাওসার' কিন্তু উচ্চ মাধ্যমিক সনদপত্রে লিখেছে 'কাউসার।' হাজার হাজার শিক্ষার্থী এ ধরনের ভুলের শিকার। এর ফলে শিক্ষার্থীকে উচ্চ শিক্ষা থেকে এক ধাপ পিছিয়ে পড়তে হয়। এই ভোগান্তির অবসান হোক।

—মোঃ শহীদুল ইসলাম, মোঃ কাওসার হোসেন,
গ্রাম ঃ মিঠাগঞ্জ, থানা ঃ কলাপাড়া,
জেলা ঃ পটুয়াখালী।